



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. General Part-III Examination, 2017

বাংলা - সাধারণ

চতুর্থ পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।

১. নিম্নলিখিত যে-কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখোঃ ১×১০ = ১০

Analogy, Auditory imagination, Burlesque, Conflict, Dramaturgy, Farce, Frame Story, High Seriousness, Interlude, Lyricism, Mimesis, Mythology, Naturalism, One-act play, Protagonist, Romance, Symbolism, Tautology.

২. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করোঃ ১৫

- (ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস  
(খ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও জনজীবনে তার প্রভাব  
(গ) পর্যটন শিল্পের স্বরূপ ও সম্ভাবনা।

অথবা

নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করোঃ ১৫

- (ক) শরৎ সাহিত্যে নারী



(খ) ছোটগল্পে কিশোর চরিত্র

(গ) বাংলা সাময়িক পত্র।

৩. নিম্নলিখিত যে-কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ ৫×২ = ১০  
আদি ব্যঞ্জনগম, মূর্ধগীভবন, সকারীভবন, জোড়কলম শব্দ, সাদৃশ্য।
৪. নিম্নলিখিত অংশটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার ২০×০.৫=১০ করে লিপ্যন্তর করোঃ  
আমাদের দেশে প্রাচীন কাল থেকে সংস্কৃত সমস্ত বিদ্যা থাকার দরুন, বিদ্বান এবং সাধারণের মধ্যে একটা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈতন্য রামকৃষ্ণ পর্যন্ত-যাঁরা লোকহিতায় এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট, কিন্তু কটমট ভাষা-যা অপ্রাকৃতিক, কল্পিত মাত্র, তাতে ছাড়া কি আর পাণ্ডিত্য হয় না? চলিত ভাষায় কি আর শিল্পনৈপুণ্য হয় না?
৫. একজন খ্যাতনামা শিক্ষাবিদেদের সঙ্গে বর্তমান শিক্ষা-ব্যবস্থার নানা দিক নিয়ে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১৫  
অথবা  
'শহরের ব্যস্ততম ঘন-বসতি অঞ্চলে আবার ভয়াবহ এক অগ্নিকাণ্ড'-এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উদ্দেশ্যে একটি রিপোর্টাজ রচনা করো। ১৫
৬. কলেজে ভর্তির সময় তুমি যে যে বিষয় রেখেছিলে, তার একটি পরিবর্তন করতে চাও, সে সম্বন্ধে অধ্যক্ষের কাছে একটি আবেদন পত্র লেখো। ১৫  
অথবা  
রক্তদানের উপর ভিত্তি করে একটি জনকল্যাণমূলক বিজ্ঞাপন তৈরি করো। ১৫

৭. নিম্নলিখিত যে-কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করোঃ

১৫×১ = ১৫

(a) The most wonderful and life saving drug of this century is penicillin. It is an antibiotic derived from a kind of microorganism called, penicillium which can grow on all kinds of things: food, clothing, paper, leather and even wood. Spores which are tiny parts of this microorganism, can live freely in the air also. Warm and damp weather offer a favourable condition for the growth of penicillium. You often notice a fur-like or woolly appearance on a piece of bread or leather left in a warm and wet place. This is a very often due to the growth of penicillium on these materials.

(b) Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie, if you are strictly just and fair in your dealing with others, you are an honest man. Honesty is the best policy. An honest man is respected by all. Every man trusts an honest man. None can prosper in life if he is not honest. A shopkeeper, who is honest, is liked very much by his customers. All men go to visit his shop and buy things from him. They take him in their confidence. His credit grows and his business flourishes.

৮. (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

১×১০ = ১০

নীচের বানানগুলি সংশোধন করোঃ

অনুরনন, সাম্মানিক, ছন্দলিপি, মধুসুদন, শারিরিক, ভাগিরথি, বাল্মিকী,  
পিপীলীকা, ভৌগলিক, ব্যাবসায়ী।

B.A./Part -III/Gen./BNGG-IV/2017

5185 11-2017

3506

৮. বিষয় ..... পত্র .....

নিম্নলিখিত মূল কপিটি দেখে এবং প্রফ সংশোধনের যথাযথ চিহ্ন ও পদ্ধতি ব্যবহার করে প্রফ কপিটি সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে)। মূল কপি এবং সংশোধিত প্রফ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। বিষয় এবং পত্র যথাস্থানে লিখতে হবে (কম করে ২০টি বানান সংশোধন সঠিক হতে হবে)।

#### মূল কপি

রবীন্দ্রনাথ মনে করতেন, শিক্ষা মানুষের পূর্ণাঙ্গ চেতনা আনে, জীবন বোধের চেতনা ঘটায়। চিন্তের বিকাশই শিক্ষার অন্তরঙ্গ বিষয় হওয়া উচিত। যে শিক্ষা মানুষের চেতনাকে আলোকিত করতে পারেনা তা মূল্যহীন। পাশ্চাত্য শিক্ষা পদ্ধতি অনেকাংশে যান্ত্রিক, ফলত প্রাণহীন। সেকালে প্রবর্তিত ইংরেজি শিক্ষা এদেশের মানুষকে কেমন তৈরির যন্ত্রে রূপায়িত করেছে; কিছু মানুষ এই শিক্ষা লাভ করতে পেরেছিল, দেশের অবশিষ্ট মানুষ অজ্ঞানরূপে তিমিরে আচ্ছন্ন হয়ে থেকেছিল। বস্তুত সেই শিক্ষা ভারতবর্ষে সার্বজনীন শিক্ষা হয়ে উঠতে পারেনি। হয়ে উঠতে পারেনি জীবনের অন্তরঙ্গ সাথী। রবীন্দ্রনাথ এই প্রাণহীন যান্ত্রিক শিক্ষাকে স্বীকার করে নিতে পারেন নি।

#### প্রফ কপি

রবীন্দ্র নাথ মনে করতেন শিকা মানুষের পূর্ণাঙ্গ চেতনা আনে জিবন বোধের চেতনা ঘটায়। চিতের বিকাশই শিক্ষার বিকাশ হওয়া উচিত। যে শিক্ষা মানুষের চেতনাকে অলোকিত করতে পারে না তা মূল্যহীন পাশ্চাত্য শিক্ষা পদ্ধতি অনকাংশে যান্ত্রিক ফলত প্রাণহীন? সেকালে প্রবর্তিত ইংরাজি শিক্ষা এদেশের মানুষকে কেমন তৈরীর যন্ত্রে রূপায়িত করেছে, কিছু মানুষ এই শিক্ষা লাভ করতে পেরেছিল, দেশের অবশিষ্ট মানুষ অজ্ঞান রূপে তিমির রূপে আচ্ছন্ন করে থেকেছিল বস্তুতসেই শিক্ষা ভারতবর্ষে সার্বজনীন শিক্ষা হয়ে উঠতে পারেনি হয়ে উঠতে পারেনি জীবনের অন্তরসাথী। রবীন্দ্রনাথ প্রাণহন যান্ত্রিকশিক্ষাকে স্বীকা করে নিতে পারেনি।